গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
আইসিটি শাখা

জেলা ইনোভেশন কমিটির ডিসেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহা. সবুর আলী<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) |
| সভার তারিখ | ১৭/১২/২০২৩ খ্রি. |
| সভার সময় | বেলা: ১.৩০ টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | ... |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভার শুরুতেই গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উদ্ভাবনী উদ্যোগসমূহ বিষয়ে আলোচনা :** সভাপতি ২০২৩-২০২৪ নতুন অর্থবছরে জেলায় নতুন নতুন উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। সভায় “উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়ন অগ্রগতি” বিষয়ে বিশদ আলোচনা করা, সরকারি দপ্তরগুলোতে ইনোভেশনমূলক উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। | জেলা ও উপজেলা পর্যায়ে জনবান্ধবমুখী উদ্ভাবনী নতুন নতুন উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেলা/উপজেলার সকল সরকারি দপ্তর প্রধানগণ<br>২. জেলা/উপজেলা ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ |
| ০২ | **ক্লিন টাউন পাঁচবিবি মডেল, জয়পুরহাট:** সভায় সভাপতি জানান, ২০৪১ সালের মধ্যে উন্নত বিশ্বের শহরগুলোর ন্যায় জয়পুরহাটকে একটি স্মার্ট ও ক্লিন জেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে **"ক্লিন টাউন পাঁচবিবি মডেল"** নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। **ক্লিন টাউন পাঁচবিবি মডেল,** জয়পুরহাট প্রকল্পের মূল উদ্দেশ্য শহরের নাগরিকদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে ও শিক্ষার্থীদের স্বেচ্ছাশ্রম এবং পৌরসভা ও জেলা প্রশাসনের তত্ত্বাবধানে তথ্য প্রযুক্তি ব্যবহার করে (ওয়েব/এ্যাপস) পাঁচবিবি শহরকে স্মার্ট শহরে পরিণত করা। পাইলটিং সফলভাবে সম্পন্ন করা গেলে ও টেকসই হলে তা সারা বাংলাদেশে প্রয়োগ করা সম্ভবপর হবে মর্মে সভাপতি জানান। | ২০৪১ সালের মধ্যে উন্নত বিশ্বের শহরগুলোর ন্যায় জয়পুরহাটকে একটি স্মার্ট ও ক্লিন জেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে অনলাইন প্লাটফর্ম (ওয়েব/এ্যাপস) এর মাধ্যমে **"ক্লিন টাউন পাঁচবিবি মডেল"** সফলভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জয়পুরহাট<br>২. মেয়র, পাঁচবিবি পৌরসভা<br>৩. সহকারী কমিশনার (আইসিটি), জয়পুরহাট |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **সুশাসন ও শুদ্ধাচার দর্পণ:**<br>সভাপতি সুশাসন ও শুদ্ধাচার দর্পণ কার্যক্রমের উপর গুরুত্ব আরোপ করে কার্যক্রমটি চলমান রাখার জন্য অনুরোধ জানানো হয়। | সুশাসন ও শুদ্ধাচার দর্পণ কার্যক্রমটি চলমান রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার আক্কেলপুর, জয়পুরহাট<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট<br>৩। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট<br>৪। প্রধান শিক্ষক, প্রাথমিক বিদ্যালয় (সকল), আক্কেলপুর, জয়পুরহাট |
| ০৪ | **বহ্নিশিখা আক্কেলপুর মডেল:**<br>উপজেলা প্রশাসন ও উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড, আক্কেলপুর, জয়পুরহাট এর যৌথ উদ্যোগে বিধবা, স্বামী পরিত্যক্তা দু:স্থ অসহায় মহিলাদের দারিদ্র দূরীকরণ ও আত্মকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে স্বনির্ভর করে গড়ে তোলার লক্ষ্যে বহ্নিশিখা আক্কেলপুর মডেল নামক ইনোভেশন কার্যক্রমের আওতায় এ জেলার আক্কেলপুর উপজেলাধীন গোপীনাথপুর গ্রামে বহ্নিশিখা দু:স্থ মহিলা পল্লী দল নামক সমিতি প্রতিষ্ঠা করার উদ্ভাবনী উদ্যোগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি উদ্যোগটি যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। | বহ্নিশিখা আক্কেলপুর মডেল নামক ইনোভেশন কার্যক্রমটি যথাযথ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার আক্কেলপুর, জয়পুরহাট |
| ০৫ | **উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন সংক্রান্ত আলোচনা:**<br>সভায় জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক উদ্ভাবনী পাইলট উদ্যোগসমূহ নিয়মিত পরিদর্শনসহ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | জেলা/উপজেলায় গৃহীত উদ্ভাবনী পাইলট উদ্যোগসমূহ পরিদর্শনপূর্বক উদ্যোগসমূহ বাস্তবায়ন বিষয়ে সুচিন্তিত মতামত/ পরামর্শ প্রদানের পাশাপাশি এ কার্যালয়ে বিস্তারিত প্রতিবেদন দাখিল করতে হবে। | ১. দপ্তর প্রধান, জেলা/উপজেলার সকল সরকারি দপ্তর<br>২. জেলা/উপজেলা ইনোভেশন টিমের সদস্য (সকল), জয়পুরহাট |

পরিশেষে সভাপতি জনগণের দোরগোড়ায় ই-সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে আগামী সভায় নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ উপস্থাপন, গৃহীত উদ্যোগসমূহ বাস্তবায়ন ও প্রচারের ক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোহা. সবুর আলী
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

স্মারক নম্বর: ০৫.৪৩.৩৮০০.০১৫.০৬.০০৩.১৮.৩৪৪

তারিখ: ৪ পৌষ ১৪৩০
১৯ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট

৬) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট

৭) অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট

৮) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট

৯) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট

১০) উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/কালাই/ক্ষেতলাল/আক্কেলপুর , জয়পুরহাট

১১) জেলা মৎস্য কর্মকর্তা, জয়পুরহাট

১২) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জয়পুরহাট

১৩) সহকারী কমিশনার (ভূমি), পাঁচবিবি, জয়পুরহাট

১৪) সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, জয়পুরহাট

১৫) প্রধান শিক্ষক, রামদেও বাজলা সরকারি উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট

১৬) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, জয়পুরহাট (তাকে সভার কার্যবিবরনীটি ওয়েবসাইটের ইনোভেশন কর্ণারে প্রকাশের অনুরোধ করা হলো)

আব্দুল্লাহ-আল-মাহবুব
সহকারী কমিশনার